তারিখ ‥ 27 MAR 2016 ‥
পৃষ্ঠা ‥ ৩ ‥ কলাম ‥ ৬ ‥

কালের কণ্ঠ

# শেকৃবিতে নবীনদের বরণ করল শুভসংঘ

নিজস্ব প্রতিবেদক ▷

রাজধানীর শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) নবীন শিক্ষার্থীদের বরণ করে নিয়েছে কালের কণ্ঠ শুভসংঘ শেকৃবি শাখা। শুক্রবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে তাদের বরণ করে নেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন। শুভসংঘের সাধারণ সম্পাদক তারিক আহমেদ রুদ্রের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. শাদাত উল্লা, কৃষি অনুষদের ডিন ড. মো. কামাল উদ্দিন আহমেদ, অধ্যাপক ড. মো. সেকান্দার আলী, শুভসংঘের মডারেটর মহাব্বত আলী প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে নীরবতা পালন করা হয়। এরপর সংগঠনটির সভাপতি মশিউর রহমান স্বাগত বক্তব্য দেন। পরে ৭৫তম ব্যাচের দুই শতাধিক শিক্ষার্থীকে ফুল দিয়ে বরণ করে নেয় ৭৪তম ব্যাচের শিক্ষার্থীরা। ইমদাদুল হক মিলন বলেন, 'বাংলাদেশের যা কিছু গৌরবের, তা হয়েছে তরুণদের হাত দিয়ে।' সন্ধ্যায় শুভসংঘের সদস্যরা বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণে সাত বীরশ্রেষ্ঠ ও জাতীয় চার নেতার স্মরণে ১১টি ফানুস ওড়ায়।